# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 11-04.2026** **Time : 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ পশ্চিম এশিয়ায় সংঘাত অবসানের লক্ষ্যে, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান আজ ইসলামাবাদে আলোচনায় বসতে চলেছে।

২/ ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সের্জিও গোর 'SHANTI' বিলটিকে ভারতের জ্বালানি নীতির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে অভিহিত করেছেন।

৩/ বিদেশ সচিব বিক্রম মিস্রী, আগামীকাল থেকে তিনদিনের প্যারিস ও বার্লিন সফর শুরু করবেন।

৪/ শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দলীয় প্রার্থীদের সমর্থনে পশ্চিমবঙ্গে জনসভায় অংশ নিয়েছেন।

#তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও দলীয় প্রার্থীদের সমর্থনে বিভিন্ন নির্বাচনী সভায় যোগ দিয়েছেন।

৫/ ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা-ইসরো, অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটায় গগনযান অভিযানের জন্য গুরুত্বপূর্ণ এক পরীক্ষা সফলভাবে সম্পন্ন করেছে।

৬/ IPL ক্রিকেটে আজ পাঞ্জাব কিংস, সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে ও চেন্নাই সুপার কিংস, দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে খেলবে।

******************************************************************

পশ্চিম এশিয়া অঞ্চলে সংঘাতের অবসান ঘটাতে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান আজ ইসলামাবাদে প্রত্যক্ষ আলোচনায় অংশগ্রহণ করবে। মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন সেদেশের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এবং তাঁর সঙ্গে থাকবেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ ও উপদেষ্টা জ্যারেড কুশনার। ইরানের প্রতিনিধিত্ব করবেন সেদেশের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। বৈঠকে ইরানের পারমাণবিক কর্মসূচি, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উন্নয়ন এবং হরমুজ প্রণালীর মতো বিষয়গুলো প্রাধান্য পাবে বলে আশা করা হচ্ছে।

******************************************************************

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর জানিয়েছেন, ৩৪৫ জন ভারতীয় মৎস্যজীবীকে আর্মেনিয়ার মধ্য দিয়ে ইরান থেকে নিরাপদে ভারতে ফিরিয়ে আনা হয়েছে। সমাজমাধ্যমের এক বার্তায়, ডঃ জয়শঙ্কর ইরান থেকে ভারতীয় জেলেদের নিরাপদে ফিরিয়ে আনার ক্ষেত্রে সহযোগিতার জন্য আর্মেনিয়া সরকার এবং সেদেশের বিদেশমন্ত্রী আরারাত মিরজোয়ানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

************************************************************************

ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সের্জিও গোর জানিয়েছেন, মার্কিন শক্তি সচিব ক্রিস রাইট এবং ভারতের বিদেশসচিব বিক্রম মিশ্রির সঙ্গে তাঁর সাম্প্রতিক বৈঠকটি সফল হয়েছে। এতে ভারত-মার্কিন জ্বালানি সহযোগিতার ভবিষ্যৎ নিয়ে দু'দেশের দৃষ্টিভঙ্গি বিশেষভাবে তুলে ধরা হয়েছে। ভারতের প্রস্তাবিত 'Sustainable and Holistic Advancement of Nuclear Technology and Infrastructure' বা 'SHANTI' বিলটি পাস করার উদ্দেশ্যেই এই বৈঠকটি অনুষ্ঠিত হয়। গোর জানান, আমেরিকা শুধুমাত্র অসামরিক পারমাণবিক শক্তি ক্ষেত্রেই নয়, বরং কয়লা থেকে গ্যাস প্রস্তুতকরণ এবং তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস 'LPG' রপ্তানির মতো ক্ষেত্রগুলিতেও ভারতের সঙ্গে কাজ করতে প্রস্তুত। তিনি 'SHANTI' বিলটিকে ভারতের জ্বালানি নীতির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে অভিহিত করেন।

উল্লেখ্য, 'SHANTI' বিলটির মূল লক্ষ্য হলো ভারতের পারমাণবিক শক্তি কাঠামোকে আধুনিকীকরণ করা, নিরাপত্তার মান উন্নত করা এবং এ বিষয়ে আন্তর্জাতিক অংশীদারিত্বের ক্ষেত্রে সুযোগ সৃষ্টি করা।

************************************************************************

ভারতের বিদেশসচিব বিক্রম মিশ্রি আগামীকাল থেকে ১৪ই এপ্রিল পর্যন্ত প্যারিস ও বার্লিনে সরকারি সফরে থাকবেন। প্যারিসে তিনি ফ্রান্সের বিদেশমন্ত্রকের সেক্রেটারি জেনারেল মার্টিন ব্রিয়েন্স-এর সঙ্গে যৌথভাবে ভারত-ফ্রান্স বিদেশ মন্ত্রকের পরামর্শ সভায় অংশ নেবেন। এই সভায় প্রতিরক্ষা, অসামরিক পারমাণবিক শক্তি, মহাকাশ, সাইবার ও ডিজিটাল প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, উদ্ভাবনসহ সাংস্কৃতিক সমন্বয়ের বিষয়ে মতবিনিময় করবেন তারা। বার্লিনে তিনি জার্মানীর স্টেট সেক্রেটারি ড. গেজা আন্দ্রেয়াস ফন গেয়ার-এর সঙ্গে যৌথভাবে ভারত-জার্মানি বিদেশ মন্ত্রকের পরামর্শ বৈঠকে যোগ দেবেন। এই বৈঠকে দ্বিপাক্ষিক সহযোগিতার নানা ক্ষেত্র যেমন বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, প্রযুক্তি, পরিবেশবান্ধব শক্তি এবং শিক্ষাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হবে।

************************************************************************

পশ্চিমবঙ্গে ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার জমে উঠেছে। বিজেপির শীর্ষ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গে বিজেপির সরকার এলে দুনীতিমুক্ত ও স্বচ্ছ প্রশাসনের ব্যবস্থা করা হবে। আজ তিনি পূর্ব বর্ধমানের কাটোয়ায় বিজেপি প্রার্থীদের সমর্থনে এক জনসভায় ভাষণ দেন। তার

অভিযোগ, তৃণমূল কংগ্রেস সরকার বিজেপির বিরুদ্ধে মিথ্যা প্রচার চালাচ্ছে। এছাড়া বহু কেন্দ্রীয় প্রকল্প তারা রূপায়ণ করতে দেয় নি। মহিলাদের অধিকার রক্ষায় বিজেপি সচেষ্ট বলে তিনি মন্তব্য করেন।

( বাইট- মোদী )

এরপর মুর্শিদাবাদের জঙ্গিপুর ও বিকেলে দক্ষিণ দিনাজপুরের কুশমন্ডিতেও তাঁর প্রচার কর্মসূচী রয়েছে।

আর এক বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বাঁকুড়ার ওন্দায় এক জনসভায় অংশ নিয়েছেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিম মেদিনীপুরের কেশিয়ারিত, দলীয় প্রাথীদের সমর্থনে এক জনসভায় ভাষণ দেন। তিনি বলেন, বিজেপি সরকারের আমলে বিভিন্ন রাজ্যে বাংলা ভাষাভাষীদের ওপর আক্রমণ চালানো হচ্ছে। তাঁর অভিযোগ, বিজেপি NRC চালু করে বাংলা ভাগের চক্রান্ত করছে।

( বাইট- মমতা )

এরপর তিনি ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ও ঝাড়গ্রাম শহর, এবং বাঁকুড়ার বড়জোড়ায় জনসভা করবেন।

***********************************************************************

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও বীরভূম জেলার সাঁইথিয়ায় একটি জনসভায় অংশ নেবেন। এর পর পূর্ব বর্ধমানের মেমারিতে একটি রোড শো করার কথা তাঁর।

কংগ্রেস, বামফ্রন্ট, আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতা–নেত্রীরাও মিটিং-মিছিল, জনসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

***********************************************************************

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় ৬২ জন প্রার্থীর মনোনোয়ন পত্র বাতিল হওয়ায় ১ হাজার চারশো ৬৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে। দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিন ছিল গত ৯ এপ্রিল। মনোনয়ন পত্রগুলি গতকাল পরীক্ষা করে দেখা হয়। দ্বিতীয় দফায় ভোটগ্রহণ হবে ২৯ এপ্রিল।

প্রথম দফায় ১৫২ টি আসনের জন্য ১ হাজার ৪ শো ৭৮ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। এই দফায় ১৮৮ জন প্রার্থীপদ প্রত্যাহার করেছেন। এই দফায় ভোট গ্রহণ ২৩ শে এপ্রিল। গণনা চৌঠা মে।

***********************************************************************

SSC নিয়োগ দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি আজ সকাল এগারোটা নাগাদ কলকাতার নাকতলায় রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের বাড়িতে গিয়ে তল্লাশী অভিযান শুরু করেছে। বাড়িটিকে ঘিরে রেখেছে কেন্দ্রীয় বাহিনী। ঘটনার তদন্তে এর আগে বেশ কয়েকবার সি জি ও কমপ্লেক্সে তাঁকে

তলব করা সত্ত্বেও তিনি উপস্থিত হননি। পার্থ চট্টোপাধ্যায়-এর ঘনিষ্ঠ এক ব্যক্তির অফিসেও ইডি তল্লাশি চালাচ্ছে।

উল্লেখ্য, এর আগে, ২০২২ সালের জুলাই মাসে পার্থ চট্টোপাধ্যায়কে গ্রেফতার করা হয়। গত বছর নভেম্বর মাসে তিনি জামিন পান।

*************************************************************************

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা-ইসরো অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটায় আসন্ন গগনযান অভিযানের জন্য দ্বিতীয় ইন্টিগ্রেটেড এয়ার ড্রপ পরীক্ষা-IADT-02 সফলভাবে সম্পন্ন করেছে। মহাকাশযাত্রার সময় মহাকাশচারীদের নিরাপদে ফিরিয়ে আনার জন্য এই ব্যবস্থাটি অপরিহার্য।

কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং এই পরীক্ষাটি সফলভাবে সম্পন্ন করার জন্য ইসরোকে অভিনন্দন জানিয়েছেন। ২০২৭ সালে ভারতের প্রথম মানব মহাকাশযাত্রা শ্রীহরিকোটা থেকে উৎক্ষেপণ করা হবে।

*************************************************************************

নাসার আর্টেমিস ২ চন্দ্রাভিযানের চারজন ক্রু সদস্য আজ ভোরে প্রশান্ত মহাসাগরের একটি জায়গায় অবতরণ করেছেন। এই চন্দ্রাভিজান কেবল চাঁদের দূরবর্তী অংশের বিস্তীর্ণ অঞ্চল উন্মোচন করেছে তাই নয়, বরং একটি পূর্ণগ্রাস সূর্যগ্রহণও দেখিয়েছে। এই ক্রু-এর অংশ ছিলেন কমান্ডার রিড ওয়াইজম্যান, পাইলট ভিক্টর গ্লোভার, ক্রিস্টিনা কচ এবং কানাডার জেরেমি হ্যানসেন।

*************************************************************************

মহারাষ্ট্রের হিঙ্গলি, নানডেড ও পারভানি জেলায় আজ সকাল প্রায় ৮টা ৪৫ মিনিটে একটি মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৪ দশমিক ৭ । কম্পনের জেরে মানুষ আতঙ্কে ঘর থেকে বেরিয়ে আসেন। এখনও পর্যন্ত কোনও হতাহতের খবর পাওয়া যায়নি। প্রশাসন সূত্রে জানা গেছে, ভূমিকম্পের কেন্দ্র ছিল হিংগোলি জেলার বাসমত তালুকার শিরলি গ্রামের উত্তর দিক। জেলা প্রশাসন গুজবে কান না দিতে এবং অযথা আতঙ্কিত না হওয়ার আবেদন জানিয়েছে।

*************************************************************************

৪২ জন নকশাল আত্মসমর্পণ করার পর তেলেঙ্গানাকে নকশাল মুক্ত রাজ্য হিসেবে ঘোষণা করলেন রাজ্য পুলিশের মহানির্দেশক বি শিবধর রেড্ডি। ওই রাজ্যে PLGA কম্যান্ডার সোদি মোল্লা সহ বাকিরা অস্ত্র সমর্পণ করেন।

*************************************************************************

সমাজ সংস্কারক মহাত্মা জ্যোতিবা ফুলের জন্মবার্ষিকীতে সারাদেশ আজ তাঁকে সশ্রদ্ধচিত্তে স্মরণ করছে। ১৮২৭ সালের এই দিনে মহাত্মা ফুলে জন্মগ্রহণ করেন। তিনি ও তাঁর স্ত্রী সাবিত্রী ফুলের সঙ্গে জাতিভেদ প্রথা ও অস্পৃশ্যতা দূরীকরণের সংগ্রামের পাশাপাশি নারী শিক্ষা ও ক্ষমতায়নের ক্ষেত্রেও অগ্রণী ভূমিকা পালন করেছিলেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ সংসদ ভবন চত্বরের প্রেরণা স্থলে তাঁর প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

প্রধানমন্ত্রী এক বার্তায় বলেছেন, সমাজের উন্নতিসাধনে জ্যোতিবা ফুলের অবদান বিশেষ উল্লেখযোগ্য। মহাত্মা ফুলের ২০০তম জন্মবার্ষিকী উপলক্ষে লেখা এক প্রবন্ধে তিনি এর উল্লেখ করে বলেন শিক্ষা, জ্ঞান ও জনকল্যাণে ফুলের আজীবন প্রচেষ্টা একটি আলোকিত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

**************************************************************************

আই পি এল ক্রিকেট প্রতিযোগিতায় আজ  দুটি খেলা রয়েছে।

প্রথম ম্যাচে, পাঞ্জাব কিংস, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। মহারাজা যাদবেন্দ্র সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়। প্রতিযোগিতায় এখনও পর্যন্ত তিনটি ম্যাচে দুটি জিতে পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে পাঞ্জাব কিংস। অন্যদিকে, তিনটি ম্যাচে একটিতে জিতে তালিকার ষষ্ঠ স্থানে রয়েছে সানরাইজার্স হায়দ্রাবাদ।

অন্য ম্যাচে, চেন্নাই সুপার কিংস খেলবে দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে। চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এখনও পর্যন্ত প্রতিযোগিতায় তিনটি ম্যাচে দুটিতে জিতে তালিকার চতুর্থ স্থানে রয়েছে দিল্লি। অন্যদিকে, তিনটি ম্যাচ খেলে এখনও জয়ের মুখ না দেখা চেন্নাই রয়েছে তালিকার সর্বশেষ স্থানে।

**************************************************************************

ভারতের মীনাক্ষী গয়াত, এশিয় কুস্তি প্রতিযোগিতায় মহিলাদের ৫৩ কেজি বিভাগে রূপো জয় করেছেন। কিরগিজস্তানের বিশকেকে ফাইনালে তিনি কোরিয়া প্রজাতন্ত্রের সিও ইয়ং পার্ক কে ৪- ২ এ হারিয়ে দেন। উজবেকিস্তানের সাকিব্ জামাল এসবসিনভা, ফাইনালে জয়ী হয়েছেন।

**************************************************************************

আইএসএল ফুটবলে আজ  ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফ সি, র বিরুদ্ধে খেলবে। চেন্নাই এর জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ৬ ম্যাচে ইস্টবেঙ্গল ১১, এবং চেন্নাই সমসংখ্যক ম্যাচের পয়েন্ট পাঁচ।

এদিকে বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে অন্য ম্যাচে সন্ধ্যে সাড়ে সাতটায় আজ বেঙ্গালুরু এফসি, কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে খেলবে। বেঙ্গালুরু ৭ ম্যাচে ১৪ পয়েন্ট পেয়েছে, অন্যদিকে কেরালা পেয়েছে ৭ ম্যাচে এক পয়েন্ট।

**********************************************************************